সমকাল

তারিখ ... 12 FEB 2014 ...
পৃষ্ঠা

৩৪তম বিসিএস

# বাদপড়া ২৮০ জনকে অন্তর্ভুক্ত করে ফল প্রকাশের নির্দেশ

■ সমকাল প্রতিবেদক

বাদপড়া ২৮০ আদিবাসীকে (ক্ষুদ্র জাতিগোষ্ঠী) অন্তর্ভুক্ত করে ৩৪তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষার পুনর্মূল্যায়িত ফলাফল পুনরায় প্রকাশের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। বিচারপতি নাঈমা হায়দার ও বিচারপতি জাফর আহমেদের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এক রিটের চূড়ান্ত শুনানি শেষে গতকাল মঙ্গলবার এ আদেশ দেন।

গত বছরের ৮ জুলাই কোটার ভিত্তিতে ৩৪তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষার ফল প্রকাশ করা হয়। এতে ১২ হাজার ৩৩ জন উত্তীর্ণ হন। এর পর প্রকাশিত ওই ফল বাতিল এবং সরকারি চাকরিতে কোটা বাতিলের দাবিতে আন্দোলনে নামেন চাকরিপ্রার্থীরা। এতে পিএসসি বাধ্য হয়ে পুনর্মূল্যায়ন করে প্রিলিমিনারি পরীক্ষায় সংশোধিত ফল প্রকাশ করে। এতে ৪৬ হাজার ২৫০ জন উত্তীর্ণ হন। এই ফলাফলে উত্তীর্ণ হননি প্রথম প্রকাশিত ফলাফলে আদিবাসী কোটায় উত্তীর্ণ ২৮০ জন। এর পর প্রথম ফলাফলে উত্তীর্ণ ৫৯ আবেদনকারীর পক্ষে ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া হাইকোর্টে রিট করেন।

ওই রিটে গত ৩১ জুলাই হাইকোর্ট রুল জারি করেন। গতকাল রুলের চূড়ান্ত শুনানি নিয়ে আদালত রিটটি অন্তর্বর্তীকালীন আদেশসহ নিষ্পত্তি করেন। আদালতে আবেদনের পক্ষে শুনানি করেন আইনজীবী বিএম ইলিয়াস ও রিটকারী জ্যোতির্ময় বড়ুয়া। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মোখলেসুর রহমান।